



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোনঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd



নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৫৩৭

তারিখঃ ২৩ মে ২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ৯ জ্যেষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ, ২৩ মে ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত সার্কুলার লেটার এর মাধ্যমে করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে ২৪ মে ২০২১ হতে ৩০ মে ২০২১ পর্যন্ত সীমিত পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত সার্কুলার লেটার এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ/পরিপালন পূর্বক সকাল ১০.০০ ঘটিকা হতে অপরাহ্ন ২.৩০ ঘটিকা পর্যন্ত লেনদেন এবং আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,

(জামিল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৫৩৭

তারিখঃ ২৩ মে ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।

(জাহানারা রায়হানুল ফেরদৌসী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিশার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২১

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪২৮
২৩ মে ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত
বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা প্রদান অব্যাহত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ মে ২০২১ তারিখের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৪ এর প্রেক্ষিতে আগামী ২৪ মে ২০২১ হতে ৩০ মে ২০২১ পর্যন্ত নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবেঃ

ব্যাংকিং লেনদেন সময়সূচি	লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল
সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত	অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত।

২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৩ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এ প্রদত্ত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩